Keywords : Gandhiji, Education, Constructions, Holistic, Tolerance, Determination, Development.

জাতীয়তাবাদ ঃ রবীন্দ্রনাথ ও মহাত্মা গান্ধী

ড. মহ বতুন্নেসা খাতুন
সহকারী অধ্যাপিকা
হিঙ্গলগঞ্জ মহাবিদ্যালয়

একবিংশ শতাব্দীতে দাঁড়িয়ে আমরা দেশে আচ্ছে দিন আনার স্বপ্ন দেখছি। প্রচার মাধ্যমে ডিজিটাল ইন্ডিয়ার চিত্তাকর্ষক বিজ্ঞাপন দেখছি। স্বাধীনতার বাহাত্তর বছর পরেও আমরা গান্ধীজি, নেতাজি, রবীন্দ্রনাথের স্বপ্নের ভারতবর্ষকে খুঁজে পেয়েছি কি ? এই ভাবনা থেকেই এই প্রবন্ধের বিষয় নির্বাচন – জাতীয়তাবাদ রবীন্দ্রনাথ ও মহাত্মা গান্ধী। ভারতবর্ষের এই দুই মণীষীর জাতীয়তাবাদ নিয়ে বর্তমান প্রবন্ধে আলোকপাত করা হয়েছে। জাতীয়তাবাদ কি ? এ বিষয়ে রবীন্দ্রনাথ ও গান্ধীজির ভাবধারায় যে মতানৈক্য ছিল সে বিষয়ে আলোচনা করা হয়েছে। এই দুই মহামানব ছিলেন স্বাধীন ভারতবর্ষের পূজারী। তারা তাঁদের কর্মের মধ্য দিয়ে ভারতবাসীকে স্বাধীন ভারতবর্ষ গড়ার স্বপ্ন দেখিয়েছেন। তাঁদের দুজনের মধ্যে আদর্শগত দিক থেকে মতানৈক্য ছিল ঠিকই;কিন্তু বন্ধুত্ব ছিল অকৃত্রিম। জালিয়ানওয়ালাবাগ হত্যাকান্ডে ব্রিটিশের বিরুদ্ধে গান্ধীজি ও রবীন্দ্রনাথ দুজনেই গর্জে ওঠেন। গান্ধীজি অসহযোগ আন্দোলন শুরু করেন। চরকা আন্দোলন, স্বরাজ, বিলাতি কাপড় বর্জন, অনশন, হরতাল, কর প্রদানে অসহযোগিতা – গান্ধিজীর এই মতকে রবীন্দ্রনাথ মেনে নিতে পারেন নি। জাতীয়তাবাদ নিয়ে গান্ধীজির আকাশচুম্বী আবেগ ছিল। রবীন্দ্রনাথ মডার্ন রিভিউ পত্রিকায় চরকা নিয়ে একটি ব্রবন্ধ লিখলেন 'The cult of the Charka' এখানে চরকা আন্দোলন নিয়ে সমালোচনা নয়, কিন্তু স্বরাজ ও জাতীয়তাবাদ নিয়ে মতপার্থক্য ছিল গান্ধীজির সঙ্গে। রবীন্দ্রনাথের এ জাতীয়তাবাদ আগ্রাসী বা বংসাত্মক নয়। জাতীয়তাবাদ বলতে তিনি মনে করতেন বিশ্বমানবতা। গান্ধীজি যেখানে জাতীয়তাবাদে বিশ্বাসী ছিলেন, সেখানে রবীন্দ্রনাথ জাতীয়তাবাদ বলতে আন্তর্জাতিকতাবাদে বিশ্বাসী ছিলেন। ১৯২১ সালের সেপ্টেম্বর মাসে জোড়াসাঁকোতে তাঁদের দুজনের মধ্যে জাতীয়তাবাদ নিয়ে কথা হয়। ভারতের জাতীয় ভাষা নিয়েও তাঁদের মধ্যে মতপার্থক্য ছিল। গান্ধজি চেয়েছিলেন হিন্দি ও উর্দু ভাষা ভারতের জাতীয় ভাষা হোক; কিন্তু রবীন্দ্রনাথ চেয়েছিলেন ইংরেজী ভাষাকে। গান্ধীজির সঙ্গে বাংলা তথা রবীন্দ্রনাথের নিবিড় ও গভীর সম্পর্ক ছিল। ১৯১৫-১৯৪১ খ্রীষ্টাব্দ পর্যন্ত রবীন্দ্রনাথ ও গান্ধীজির মধ্যে জাতীয়তাবাদ ও ব্যক্তিগত বিষয়ে অনেক চিঠি পাওয়া যায়, যেখানে তাঁদের মতানৈক্য ও বন্ধুত্ব উভয়েরই পরিচয় পাওয়া যায়। গান্ধীজি সাউথ আফ্রিকা থেকে ফিরে এক সপ্তাহের জন্য শান্তিনিকেতনে আসেন এবং কবিগুরুর আশ্রম পরিদর্শন করেন। এই আশ্রমের শিক্ষক ও ছাত্রদের সঙ্গে মিলিত হয়ে তাঁর মুগ্ধতার কথা জানান। কিন্তু সেখানেও তিনি যে মতামত দেন, সি বিষয়ে কবিগুরুর আপত্তি ছিল। রাউলাট অ্যাক্ট নিয়ে কিন্তু গান্ধীজির সঙ্গে কবি একতম ছিলেন। ১৯১৫ খ্রীঃ ৬ই মার্চ তাঁদের দুজনের প্রথম সাক্ষাৎ। সত্য, স্বাধীনতা, গণতন্ত্র, শিক্ষা, মানবতা – বিভিন্ন বিষয়ে আলোচনা হয়। ১৯৪০ খ্রীঃ গান্ধীজি পুনরায় শান্তিনিকেতনে আসেন। সেই সময় কবি গান্ধীজিকে শান্তিনিকেতনের দায়িত্ব নেওয়ার কথা বলেন। একদিনে যেমন আমরা মহাত্মা ও কবিগুরুর অমিল দেখি, অন্যদিকে আবার তাঁরা ছিলেন একে অপরের পরিপূরক। ভারতের দেশধর্মের ভিত্তি অহিংসা, সহিষ্ণুতা, মানবতা এবং বহুধর্মের ধারাকে বজায় রাখা। তাই ভারতের অধঃপতন করতে মেকি জাতীয়তাবাদ ছেড়ে সমন্বয়ের সাধনায় এগিয়ে আসতে হবে, যে সমন্বয় দেখিয়ে গিয়েছেন দুই মহান ভারতীয় – রবীন্দ্রনাথ ও গান্ধীজি।

Mahatma Gandhi and the concept of protection of environment

Dr. Bijoy Debnath
Dept. Of Commerce
Sabang Sajanikanta Mahavidyalaya

The horrific pictures of the forest fires of the Amazon once again have brought the issues of environmental degradation in the forefront of serious discourses. Issues of ever depleting nature and for that matter environment are grave in nature and requires well thought out measures. Thousands of environmental organisations mostly floated by erstwhile hunters, jamindars or foresters lack the deep understanding of the problem.

Mahatma Gandhi's illustrious statement that the earth can fulfil the needs of the whole human being but cannot satisfy a single person's greed is a crux of understanding the problem. His views on sustainable use of resources and minimal damage to the environment for the sake of future generations are little known to the present generation. He preached simple living and high thinking, by this benign preaching he actually wanted to signify a whole lot of things, starting from relation between nature and humankind; relation between village and sustainable development; and the synergy between rural development and industrial development. His view on environment is particularly relevant in this day and age, when the threat of climate change is looming large and natural resources are depleting fast. In Bengal, Gandhi's political as well as religious life is discussed at length but, his views on nature and its sustainable use hardly finds a place in dinnertime anecdotes. It is not because that Bengal is immune to environmental degradation but because of the fact of Gandhi's political stature and his much hyped relationships with Rabindranath Tagaore and Netaji Subhash Chandra Bose. The present paper tries to unearth the less known wisdom of Gandhiji for giving an insight to present generation of the Bengal to tackle the ecological challenges of the state.

Keywords: environment, degradation, sustainable, politics

বাংলায় ভারত ছাড়ো আন্দোলন

কেয়া চৌধুরী
অংশকালীন অধ্যাপিকা, ইতিহাস বিভাগ
সবং সজনীকান্ত মহাবিদ্যালয়

ভারতের স্বাধীনতা আন্দোলনের ইতিহাসে গান্ধীজির আবির্ভাব এক নতুন গতির সঞ্চার করে। যুদ্ধকালীন পরিস্থিতিতে জাতি যখন কিছুটা লক্ষ্যভ্রষ্ট ও দিশাহারা, কংগ্রেসের পুরানো নেতৃত্ব যখন ক্রমশঃ তার কার্যকারিতা হারিয়ে ফেলছিল, বিক্ষিপ্ত সন্ত্রাসবাদী আন্দোলন উত্তেজনার খোরাক যোগালেও অভীষ্ট লক্ষ্যে উপনীত হতে পারবে কি না, তা নিয়ে সন্দেহ দেখা দিচ্ছিল, তখন ভারতের স্বাধীনতা সংগ্রামকে সম্পূর্ণ নতুন খাতে প্রবাহিত করতে এগিয়ে এলেন মোহনদাস করমচাঁদ গান্ধী। তাঁর সম্মোহিনী ব্যক্তিত্বকে কেন্দ্র করে গড়ে উঠেছিল ভারতের স্বাধীনতা সংগ্রাম। আপামর জনসাধারণের মধ্যে তিনি ছড়িয়ে দিয়েছিলেন দেশপ্রেমের জন্য আত্মত্যাগের মহান আদর্শ, দমে যাওয়া মানুষের বুকে সঞ্চার করেছিলেন নতুন আশা। পিছিয়ে পড়া নির্যাতিত মানুষের মনে জাগিয়ে ছিলেন চেতনা ও ভবিষ্যতের রঙ্গীন স্বপ্ন।

ইংরেজ শাসনের বিরুদ্ধে তিনি অনেকগুলি আন্দোলন পরিচালনা করেছিলেন তার মধ্যে ১৯৪২ সালের আগস্ট বা 'ভারত ছাড়ো' আন্দোলন ছিল সম্পূর্ণ পৃথক চরিত্রের। ব্যাপ্তির দিক থেকে 'ভারত ছাড়ো' সমস্ত আন্দোলনকে ছাপিয়ে গিয়েছিল। এই আন্দোলনের বিস্তার ঘটেছিল সারা ভারতবর্ষ। বাংলাতেও এর ব্যতিক্রম হয়নি।

বাংলাতে 'ভারত ছাড়ো' আন্দোলনের প্রধান কেন্দ্র ছিল কলকাতা, ঢাকা, মেদিনীপুর, হুগলী এবং বীরভূম ও জলপাইগুড়ি জেলার কোন কোন অংশ। কলকাতার স্কুল কলেজের ছাত্ররা ক্লাস বয়কট করে বিভিন্ন অঞ্চলে মিছিল, সভা সমাবেশ ও পথ অবরোধের মাধ্যমে আন্দোলনের সূত্রপাত করে। ঢাকা শহরে সহকারী কার্যালয়গুলি আক্রান্ত হয়। বাংলাদেশের মধ্যে মেদিনীপুর জেলার তমলুক ও কাঁথি মহকুমায় 'ভারত ছাড়ো' আন্দোলন সবচেয়ে বেশী তীব্র আকার ধারণ করেছিল। মেদিনীপুর ও হুগলীতে যেসব নেতা এই আন্দোলনে নেতৃত্ব দিয়েছিলেন, তাঁদের মধ্যে সতীশচন্দ্র সামন্ত, অজয় মুখোপাধ্যায়, সুশীল ধাড়া, ভীমাচরণ পাত্র, প্রফুল্ল চন্দ্র সেন, হরিপদ চট্টোপাধ্যায় প্রভৃতির নাম শ্রদ্ধার সঙ্গে স্মরণীয় মেদিনীপুরের অবস্থা বর্ণনা করতে গিয়ে ড. শ্যামাপ্রসাদ মুখোপাধ্যায় মন্তব্য করেছিলেন — 'There was a deliberate challenge thrown out to the Government' এখানে থানা, সরকারী কার্যালয়, ডাকঘর ও আদালত আক্রমণ ছিল প্রধান কর্মসূচী। এই উদ্দেশ্যে মহিষাদল, সুতাহাটা, নন্দীগ্রাম তমলুক ''বিদ্যুৎ বাহিনী'' নামে স্বেচ্ছাসেবী দল গঠন করা হয়। ২০,০০০ মানুষের এক বিশাল মিছিল তমলুক থানা দখল করতে অগ্রসর হলে পুলিশ গুলি চালায়। পুলিশের গুলিতে মাতঙ্গিনী হাজরা শহীদ হন। মেদিনীপুরের বিদ্রোহ অনেকাংশ সফল হয়েছিল এবং বেশ কয়েকটি থানা বিদ্রোহীদের হাতে চলে যায়। ১৭ই ডিসেম্বর তমলুকে জাতীয় সরকার প্রতিষ্ঠিত হয়। ১৯৪৪ সালের সেপ্টেম্বর মাস পর্যন্ত জাতীয় সরকার তার অস্তিত্ব বজায় রাখতে সক্ষম হয়েছিল। সরকারী দমন নীতির জন্য জাতীয় সরকারের পতন ঘটে। এই সময় গান্ধীজিও জাতীয় সরকারের অবসানের জন্য নির্দেশ দেন।

যথেষ্ট উৎসাহ ও উদ্দীপনার মধ্য দিয়ে 'ভারত ছাড়ো' আন্দোলন শুরু হলেও ইংরেজদের দমন নীতির ফলে শেষ পর্যন্ত তা ব্যর্থ হয়। ১৯৪৪ সালের ১লা আগস্ট গান্ধীজি আত্মসমর্পন করতে বাধ্য হলেও পরবর্তীকালে স্বাধীনতা আসতে বেশী দেরী হয়নি।

মহাত্মা

পাপিয়া মান্ডী
সহ-অধ্যাপিকা, বাংলা বিভাগ
সবং সজনীকান্ত মহাবিদ্যালয়

Indian Constitution Art. 19(1)- Freedom of Speech and Expression

"Know the truth as truth and untruth as untruth" - Buddha

Indian Council Act 1919 :

অনেকগুলি অধিকারের মধ্যে উল্লেখযোগ্য--

১)অল্প সংখ্যক অভিজাত সমপ্রদায়ের মধ্যে সম্পত্তি, Tax বা Education-এর উপরে ভিত্তি করে ভোটাধিকার প্রদান করা হয়েছিল।

২) পৃথক নির্বাচন প্রদান করা হয়েছিল-

শিখ, Indian Christian , Anglo Indian এবং Europianদের ।

তবে ,বিভিন্ন রাজনৈতিক দল এই আইনের বিরোধিতা করে এবং ডঃ আম্বেদকর দলিতদের জন্যও পৃথক নির্বাচনের দাবি তোলেন।

আইন সংশোধন ও ভারতীয়দের দাবিদাবা পুনর্বিচার করার উদ্দেশ্যে ১৯২৮ সালে ভারতে আসে সাইমন কমিশন ।গান্ধিজী ও বিভিন্ন রাজনৈতিক দল এর বিরুদ্ধে আওয়াজ তোলেন । তবু ১৯৩০ সালে সাইমন কমিশন তার রিপোর্ট পেশ করে ।

1ST Round Table Conference (1930)-এর আয়োজন করা হয় এই রিপোর্ট এর উপর ভিত্তি করে । গান্ধিজী ও তাঁর রাজনৈতিক দল বাদে এতে অংশগ্রহন করে -

১) মুসলিম লিগ ২) হিন্দু মহাসভা ৩) লিবারেলস ৪) প্রিন্সেস ৫)ডঃ আম্বেদকর ৬) শিখ ।

গান্ধি - আরউইন প্যাক্ট এর ফলে গান্ধিজী 2nd Round Table Conference(1931) এ যোগদান করেন । রামসে ম্যাকডোনাল্ড ছিলেন এর চেয়ারম্যান । সেখানে মৌনব্রত ধারণ করে থাকা গান্ধিজী প্রথম মুখ খুললেন ডঃ আম্বেদকরের দলিত সম্প্রদায়ের জন্য পৃথক নির্বাচনের দাবি তোলার পর । এমনকি মুসলিম লিগের নেতাদের সাথে আম্বেদকরের বিরুদ্ধে একটা চক্রান্তের ছক কষেন। কিন্তু মুসলিম লিগ গান্ধিজীর সমর্থন না করায় তিনি একাই সরব হন ।তিনি হুমকি দেন -

" I would resist with my life the grant of seperate electorate."

(Famous letters of Mahatma Gandhi- R.L Khipple)

কিন্তু ম্যাকডোনাল্ড ১৯৩২ সালে দলিতদের জন্য Communal Awardsঘোষণা করলে জারভেদা জেলে গান্ধিজী আমরণ অনশন শুরু করেন।তাঁর অনুগামীরা আম্বেদকরকে খুনের হুমকির পাশাপাশি দলিত বস্তিতে আগুন জ্বালানোর ফলে ১৯৩২ সালে পুনাপ্যাক্ট স্বাক্ষর করতে বাধ্য হলেন আম্বেদকর।

এর বিরুদ্ধে গান্ধিজীর যুক্তি ছিল এটি হিন্দুদের মধ্যে বিভাজনের সৃষ্টি করবে যেটা খবই হাস্যকর। কারণ হিন্দু মহাসভার নেতা মুঞ্জেও দলিতদের দাবিকে সমর্থন করেছিলেন।

শূদ্র বাদে তিন বর্ণের উপনয়ন করা হয় (মনু ১০:৪) ,ব্রাহ্মনের পরিচর্যা করাই শূদ্রের একমাত্র ধর্ম (১০:১২৩) ,ব্রাহ্মনের পরিত্যক্ত অন্ন, বস্ত্র দ্বারাই শূদ্র তার দিনাতিপাত করবে (১০:১২৫) ,শূদ্র বেদ শ্রবণ করলে রাজা তার কর্ণে গরম সীসা ঢেলে দেবেন (৪:৯৯)। এই মনুবাদী নীতিতেই বোধ হয়, গান্ধি বিশ্বাসী ছিলেন। তাই তিনি লিখেছেন--

"The beauty of the caste system is that it does not base itself upon distinctions of wealth possessions...Both are governed by blood and heredity...It is the best possible adjustment of social stability and progress. "

(Young India, Dec-29, 1920)

"He was never a Mahatma, I refused to call him, Mahatma" - Dr. Ambadkar, 1955 interview for BBC

বাংলার শিরায় শিরায় গান্ধীবাদ

সুভাষ উপাধ্যায়
ছাত্র, বিদ্যাসাগর বিশ্ববিদ্যালয়

আধুনিক ভারতবর্ষের ইতিহাসে এক বলিষ্ঠ তম রাজনৈতিক ব্যক্তিত্ব হলেন জাতির জনক মহাত্মা গান্ধী। তিনি একাধারে যেমন রাজনীতিবিদ, অন্যদিকে একজন সুদক্ষ দার্শনিক ও শিক্ষাবিদ। তাঁর মনন ও চিন্তনের বর্ণময় আলোক ছটার বিচ্ছুরণ আমাদের সমগ্র ভারতবর্ষের সমাজ, সাহিত্য, সংস্কৃতি, শিক্ষা, দর্শন প্রভৃতি ক্ষেত্রকে আলোক উদ্ভাসিত করে তুলেছে। তাঁর এই বিশাল জীবনের রূপরেখা একটি গবেষণা নিবন্ধের মাধ্যমে তুলে ধরা সম্ভব নয়,এ কেবল স্বপ্নের মাধ্যমে বিশ্ব দর্শনের ক্ষুদ্র প্রয়াস মাত্র।

গান্ধীজী স্বাধীনতা আন্দোলনের সঙ্গে যুক্ত থাকার সুবাদে স্বাধীনতা আন্দোলনের প্রাণকেন্দ্র তথা বঙ্গভূমির সঙ্গে তার এক আত্মিক যোগাযোগ গড়ে ওঠে। সেই কারণে ২০১৯ সালে গান্ধীজীর জন্ম সার্ধশতবর্ষে এসে তাঁকে স্মরণ বঙ্গবাসীর কাছে স্মৃতিচারণের এক শুভ মুহূর্ত। এই সুযোগেই আমরা গান্ধীজীর রাজনৈতিক কর্মপ্রয়াস, আধ্যাত্মিক দর্শন তত্ত্ব, সুচিন্তিত শিক্ষা পরিকল্পনা, সমাজ ও তার সাহিত্যিক কর্মক্ষেত্রের কিছু নিদর্শন কথা আলোচনা করব। এই আলোচনার মধ্য দিয়ে আমরা সেই সিদ্ধান্ত উপনীত হব বঙ্গভূমিতে গান্ধী চর্চা কতখানি প্রাসঙ্গিক।

গান্ধীজী লন্ডন ইউনিভার্সিটি থেকে ব্যারিস্টারি পাস করে যখন দেশে ফিরে এলেন ভারতবর্ষ তখন প্রথম বিশ্বযুদ্ধের কারণে বিধ্বস্ত। তিনি পরাধীনতার নাগপাশে বন্দী বঞ্চিত, নিষ্পেষিত, পদদলিত, নির্যাতিত, অবহেলিত সাধারণ মানুষজনের মনের দহন জ্বালা অনুভব করেছিলেন। এর কারণেই তিনি চম্পারন সত্যাগ্রহ, খেদা সত্যাগ্রহ আন্দোলনে যোগদান করেন। এরপর থেকে তিনি দেশীয় আঞ্চলিক আন্দোলন গুলিকে সুযোগ্য নেতৃত্ব দানের মাধ্যমে জাতীয় আন্দোলনে রূপ দেওয়ার কাজে সর্বক্ষণ নিজেকে ব্যাপৃত রেখেছিলেন। এই জাতীয়তাবাদী আন্দোলনকে আরো শক্তিশালী করে তোলার কর্মোদ্যম এবং সাধারণ মানুষের মধ্যে ঐক্য গড়ে তোলার চেষ্টা তাঁকে জাতির জনকে পরিণত করেন। গান্ধীজীর নেতৃত্বে সংগঠিত অসহযোগ আন্দোলনকে দেখে তৎকালীন বাংলার(অবিভক্ত) রাজশাহী রংপুর, পাবনা, দিনাজপুর, বীরভূম, মেদিনীপুরের কাঁথি ও তমলুকের কৃষকরা স্বতঃস্ফূর্তভাবে আন্দোলন গড়ে তুলে। এই প্রসঙ্গে অমলেশ ত্রিপাঠী বলেছেন - 'গ্রামাঞ্চলগুলি নতুন উৎসাহের প্রাবল্যে প্রাণ চাঞ্চল্য নিয়ে জেগে উঠলো'।তিনি আইন অমান্য আন্দোলন ডাক দেন। সেই আন্দোলনের ঢেউ আমাদের বঙ্গভূমিতেও এসে পৌঁছায়। ভারত ছাড়ো আন্দোলনের দিকে যদি আমরা লক্ষ্য করি সেখানেও দেখতে পাই গান্ধীজীর উজ্জ্বল উপস্থিতি। সেই আন্দোলনকে সর্বভারতীয় আন্দোলনে পরিণত করার জন্য তিনি বঙ্গভূমির ওপর বেশি গুরুত্ব দিয়েছিলেন। বাংলার আগস্ট আন্দোলনের মূলকেন্দ্র ছিল কলকাতা, ঢাকা, মেদিনীপুর, হুগলিসহ বিভিন্ন জায়গা। মেদিনীপুর জেলার তমলুক ও কাঁথি মহকুমায় এই আন্দোলন সবচেয়ে তীব্ররূপ ধারণ করেছিল। গান্ধীজীর নেতৃত্বের প্রকৃতি নির্ণয় করতে গিয়ে অধ্যাপক অমলেশ ত্রিপাঠী লিখেছেন -' _ ব্যক্তি হিসেবে এরকম জটিল চরিত্র ইতিহাসে দুর্লভ। তাঁর মধ্যে বিচিত্র, অনেক সময় আপাত বিরোধী, চৈতন্যের স্তর লক্ষ্য করি।কখনও তিনি ভিক্টোরীয় যুগের সুভদ্র উদারতন্ত্রী, কখনো বা আপোসহীন নৈরাজ্যবাদী; কখনও গীতার স্তিতপ্রজ্ঞ সন্ত কখনো বা কৌটিল্য সদৃশ ঝানু রাজনীতিজ্ঞ; এই মুহূর্তে ঐতিহ্যশ্রয়ী রক্ষণশীল হিন্দু,ধনিকের মুখপাত্র; পরমুহূর্তে বেপরোয়া সমাজ সংস্কারক , সংগ্রামী কৃষকের সহযোদ্ধা; একই সঙ্গে জাতীয়তাবাদী ও আন্তর্জাতিক ধ্যান ধারণার মূর্ত প্রতীক।'

Mahatma Gandhi's Views on Rural Economic Self-sufficiency: Relevance in Today's Rural West Bengal

Dr. Selim Chisti
Associate Professor in Economics
Sabang Sajanikanta Mahavidyalaya

The aim of Mahatma Gandhi, a multifaceted personality, was to achieve enlightenment by serving the nation. He accomplished it through his creative thoughts and diverse activities. Many forms of his creative activities were completely associated with the economic wellbeing of nation. Rural agrarian economy is the heart of Indian economy. He opined that economic self-sufficiency for an individual as well as for a nation as a whole is inescapable. His stress on rural economy and emphasis on a simple life, coupled with his concern for universal well-being formed the foundation of his unique views on economics. Gandhi's economic views were based largely on his understanding of the Indian situation. This led him to ponder and to concentrate on various economic problems of rural India and work out several action plans for solving those problems and ultimately reaching towards rural economic self-sufficiency.

Gandhi has strongly advised for expansion of small-scale industries in villages, which will ultimately trim down the burden on rural agrarian economy of India. The expansion of small-scale industry in rural part of India can toil as a good support system for producing glut in rural economy. If every village distributes its glut to the poor villagers then the problem of poverty and starvation would not arise. The economy of West Bengal, one of the major states of India, is till today is village based economy. By producing glut in rural part of West Bengal economy can easily reach economic self-sufficiency. Mahatma Gandhi's idea of village Swaraj will be reached. In this perspective this paper highlights on the relevance of Mahatma Gandhi's views on rural economic self-sufficiency in today's rural West Bengal

Key Words:

Mahatma Gandhi, Rural Agrarian Economy, Economic Self-sufficiency, Small Scale Industry, West Bengal.

Library Services in the Prespective of Gandhiji

Ruksana Sultana
Librarian
Sundarban Mahavidyalaya

A library is an organization which has enriched collection of resources of books, periodicals, newspapers, manuscript, films, maps, documents, prints, cassettes, video games, e-books, audio books etc. Libraries often provide sufficient and quiet areas to the library users for studying. Mahatma Gandhi was a pragmatic democrat per excellence. He completely devoted his whole life for serving the nation for enhancing the social welfare of Indian citizen. His views were ramified in every corner of human life. He visualised the importance of human resource development through the provision of library services , to one and all, specially to poverty-ridden Indian citizen. In the process of developing human resource for all Gandhiji gave a rightful place to library services. His philosophy on library sevices almost concide with that of a famous library professional. This professional is none other than great library scientist, S. R. Ranganathan, who propounded Five Laws of Library Science. Mahatma Gandhi opined that for the library users in the case of students, the expense should not be much. He also opined that from an economic point of view, Lincoln's Inn is the best Inn, which boasts also the best library. He used to say libraries are parts and parcel of everyday life. Gandhiji laid emphasis on public libraries, laying special stress on the selection of books. He mainly focused for socio-economic development or vast poverty-ridden rural Indian mases via community sevives which is main aim of public library. Till today West Bengal is entrapped into pauperism . Public libraries of West Bengal are in a trauma, which are in a need for an urgent recovery. In this background this paper higlights on the relevance of Gandhi's views on library services for the upliftment of library users of poor economic bakground of today's West Bengal .

Key Words:

Public Library, Five Laws of Library Science, Lincoln's Inn, Mahatma Gandhi, West Bengal.

গান্ধীজীর দর্শনচিন্তা ও রাজনৈতিক জীবন

সন্তু দাস
ছাত্র, বিদ্যাসাগর বিশ্ববিদ্যালয়

ভারতবর্ষে ইংরেজদের আগমন ঘটে ১৬৫১খ্রিঃ। ১৬৯১ সালে তারা কলকাতায় বসবাস শুরু করে এবং ১৮৫৮ সালে ভারতে ব্রিটিশ রাজতন্ত্রের প্রতিষ্ঠা ঘটায়।এই শাসন চলতে থাকে ভারত স্বাধীনের পূর্বে পর্যন্ত।অর্থাৎ ইংরেজরা ভারত শাসন করে প্রায় ৩০০ বছর।ব্রিটিশশাসিত ভারতবর্ষের অন্তিম লগ্নে মহামানব রূপে আবির্ভূত হন মোহোনদাস করমচাঁদ গান্ধি ওরফে মহাত্মা গান্ধি (২রা অক্টোবর, ১৮৬৯ - ৩০শে জানুয়ারি, ১৯৪৮) । তিনি ছিলেন সত্যাগ্রহ আন্দোলনের প্রতিষ্ঠাতা। এ আন্দোলন প্রতিষ্ঠিত হয়েছিল অহিংস মতবাদ বা দর্শনের উপর এবং এটি ছিল ভারতীয় স্বাধীনতা আন্দোলনের অন্যতম চালিকা শক্তি, সারা বিশ্বে মানুষের স্বাধীনতা এবং অধিকার আদায়ের অন্যতম অনুপ্রেরণা।

গান্ধী তার জীবনকে সত্য অনুসন্ধানের বৃহৎ উদ্দেশ্যে উৎসর্গ করেছিলেন। তিনি নিজের ভুল থেকে শিক্ষা নিয়ে, এবং নিজের উপর নিরীক্ষা চালিয়ে তা অর্জন করেছিলেন। তিনি তাঁর আত্মজীবনীর নাম দিয়েছিলেন - দি স্টোরি অফ মাই এক্সপেরিমেণ্টস উইথ ট্রুথ, যার অর্থ সত্যকে নিয়ে আমার নিরীক্ষার গল্প। গান্ধী বলেন তাঁর সবচেয়ে গুরুত্বপূর্ণ যুদ্ধ ছিল নিজের অন্ধকার ভয় ও নিরাপত্তাহীনতাকে কাটিয়ে ওঠা। গান্ধী তাঁর বিশ্বাসকে প্রথম সংক্ষিপ্ত করে বলেন, ঈশ্বর হল সত্য। পরবর্তীতে তিনি তাঁর মত বদলে বলেন, সত্য হল ঈশ্বর। এর অর্থ সত্যই হল ঈশ্বরের ক্ষেত্রে গান্ধীর দর্শন।

গান্ধীজি দাদা আব্দুল্লা এন্ড সন্সের আইনজীবী হিসাবে দক্ষিণ আফ্রিকায় যান(১৮৯৩)। দক্ষিণ আফ্রিকা গান্ধীর জীবনকে নাটকীয়ভাবে পরিবর্তন করে দেয়।দক্ষিণ আফ্রিকায় ভারতীয়দের ভোটাধিকার ছিল না। এই অধিকার আদায়ের বিল উত্থাপনের জন্য তিনি আরও কিছুদিন দেশটিতে থেকে যান। বিলের উদ্দেশ্য সিদ্ধি না হলেও এই আন্দোলন সেদেশের ভারতীয়দেরকে অধিকার সম্বন্ধে সচেতন করে তুলেছিল।একজন শিক্ষিত ব্রিটিশ আইনজীবী হিসেবে, গান্ধী প্রথম তাঁর অহিংস শান্তিপূর্ণ নাগরিক আন্দোলনের মতাদর্শ প্রয়োগ করেন দক্ষিণ আফ্রিকায় নিপীড়িত ভারতীয় সম্প্রদায়ের নাগরিকদের অধিকার আদায়ের আন্দোলনে। ভারতে ফিরে আসার পরে কয়েকজন দুঃস্থ কৃষক এবং দিনমজুরকে সাথে নিয়ে বৈষম্যমূলক কর আদায় ব্যবস্থা এবং বহু বিস্তৃত বৈষম্যের বিরুদ্ধে আন্দোলন গড়ে তোলেন। ভারতীয় জাতীয় কংগ্রেসের নেতৃত্বে আসার পর গান্ধী সমগ্র ভারতব্যাপী দারিদ্র্য দূরীকরণ, নারী স্বাধীনতা, বিভিন্ন জাতিগোষ্ঠির মধ্যে ভ্রাতৃত্ব প্রতিষ্ঠা, বর্ণ বৈষম্য দূরীকরণ, জাতির অর্থনৈতিক সচ্ছলতা সহ বিভিন্ন বিষয়ে প্রচার শুরু করেন। কিন্তু এর সবগুলোই ছিল স্বরাজ অর্থাৎ ভারতকে বিদেশী শাসন থেকে মুক্ত করার লক্ষ্যে। ১৯৩০ সালে গান্ধী ভারতীয়দের লবণ করের বিরুদ্ধে প্রতিবাদে ৪০০ কিলোমিটার (২৪৮ মাইল) দীর্ঘ ডান্ডি লবণ কুচকাওয়াজে নেতৃত্ব দেন, যা ১৯৪২ সালে ইংরেজ শাসকদের প্রতি সরাসরি ভারত ছাড়ো আন্দোলনের সূত্রপাত ঘটায়।

১৮৮৫ খ্রিঃ ভারতে জাতীয় কংগ্রেসের প্রতিষ্ঠা হয় ।তিনি ভারতীয় জাতীয় কংগ্রেসের সভায় বক্তৃতা করেন, তবে ভারতীয় ইস্যু রাজনীতি এবং ভারতীয় জনগণের সাথে পরিচিত হন গোপালকৃষ্ণ গোখলের মাধ্যমে, যিনি ছিলেন তৎকালীন একজন সম্মানিত কংগ্রেস নেতা। প্রথম বিশ্বযুদ্ধকালীন সময়ে (১৯১৪-১৯১৯)১৯১৫ সালের ৯ইজানুয়ারী গান্ধী দক্ষিণ আফ্রিকা থেকে ভারতে ফিরে আসেন। এইজন্য ওই দিনটিকে প্রবাসী ভারতীয় দিবস হিসাবে পালন করা হয়।

ইংরেজ বিরোধী রাজনৈতিক পদক্ষেপ-

১).১৮৯৪ খ্রিঃ গান্ধিজী নাটাল ইন্ডিয়ান কংগ্রেস প্রতিষ্ঠা করেন।
২).১৯১৯ সালে রাওলাট আইন বিরোধী আন্দোলনে যোগ দেন।
৩).১৯২০ খ্রিঃ তিনি ভারতীয় জাতীয় কংগ্রেসের নেতৃত্বভার গ্রহণ করেন । গান্ধী ১৯২০ এর দশকের বেশির ভাগ সময় নীরব থাকেন, এ সময় তিনি স্বরাজ পার্টি এবং ভারতীয় জাতীয় কংগ্রেসের মাঝে বাধা দুর করতে চেষ্টা করেন। অস্পৃশ্যতা, মদ্যপান, অবজ্ঞা এবং দারিদ্রতার বিরুদ্ধে সংগ্রাম অব্যাহত রাখেন।
৪).১৯২১ খ্রিঃ খিলাফৎ ও অসহযোগ আন্দোলন,নেতৃত্ব দেন।
৫).১৯৩০ খ্রিঃ আইন অমান্য আন্দোলনে নেতৃত্ব দেন।
সর্বপরি,
৬).১৯৪২ সালে ইংরেজ সরকারের প্রতি সরাসরি ভারত ছাড়ো আন্দোলনে নেতৃত্ব দেন।

১৯৪৮ সালের ৩০ জানুয়ারি তাঁর রাজনৈতিক জীবনের পরিসমাপ্তি ঘটে নাথুরাম গডসের গুলির আঘাতে। যার সাথে চরমপন্থী হিন্দু মহাসভার যোগাযোগ ছিল। এই হত্যাকান্ডের মূল অভিযুক্ত গোডসে এবং তার সহায়তাকারী নারায়ণ আপতে-কে পরবর্তীতে আইনের আওতায় এনে দোষী সাব্যস্ত করা হয়। ১৯৪৯ সালের ১৪ নভেম্বর তাদের ফাঁসি দেয়া হয়।

গান্ধীবাদ ও বাংলা কথা সাহিত্য

দেবযানী দে
অধ্যাপিকা
সাঁওতালদি কলেজ

বিশ শতকে ভারতীয় রাজনীতিতে মহাত্মা গান্ধীর নেতৃত্ব ও মতাদর্শ অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয়, গান্ধী এদেশে এক নতুন ভাবধারার প্রবর্তন করেন তা হচ্ছে অহিংস অসহযোগ অর্থাৎ অহিংসভাবে প্রতিপক্ষের বিরুদ্ধে একক বা সংঘবদ্ধ আন্দোলন বা প্রতিরোধ। সমকালীন ভারতবর্ষ তথা বাংলাদেশে এই আন্দোলন সমগ্র স্বাধীনতা সংগ্রামের তুলনায় অনেক ব্যাপক প্রভাব ফেলেছিল সন্দেহ নেই। বাংলা কথা সাহিত্যে গান্ধীবাদ প্রথম যার রচনায় পাই তা হল তিনি হলেন তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায়। ব্যক্তিগত জীবনে গান্ধীজির আন্দোলনের একনিষ্ঠ কর্মী তিনি। 'ধাত্রীদেবতা', 'গণদেবতা' প্রভৃতি উপন্যাসে গান্ধীবাদ উপস্থিত।

নারায়ণ গঙ্গোপাধ্যায়ের 'মন্ত্রমুখর' উপন্যাস মহাত্মা গান্ধীর আন্দোলনের পরিপ্রেক্ষিতে লিখিত। লেখক সেখানে নিপীড়িত জনগণের জাগরণ চিহ্নিত করেছেন। সমরেশ বসুর 'শ্রীমতী কাফে' উপন্যাসে প্রথম ও দ্বিতীয় বিশ্বযুদ্ধের মধ্যবর্তী রাজনৈতিক পরিস্থিতি ও গান্ধী দর্শন প্রতিফলিত হয়েছে। সতীনাথ ভাদুড়ীর 'ঘোড়াই চরিত মানস', 'জাগরী', মহাশ্বেতা দেবীর 'চেট্টি মুন্ডা ও তার তীর', দীপেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায়ের 'বিবাহ বার্ষিকী' প্রভৃতি উপন্যাসগুলি গান্ধীবাদের ছায়াতে রচিত। এইভাবে কখনও গান্ধীবাদী ভাবধারা আবার কখনো গান্ধীবাদী আন্দোলন বাংলা কথা সাহিত্যে উর্বরতা বৃদ্ধি করেছে।

The dialogue between radical Bengali Marxist Ideology and Gandhism: Making the (im)possible possible

Sunita Mitra Sarkar
Assistant Professor
Department of Political science
Sabang Sajanikanta Mahavidyalaya

It may appear from the very title of the paper that it is going to be a futile exercise to establish any such ideological link between radical Bengali Marxism and Gandhism. Partly because of what we have witnessed in Bengal, somehow a strange stance for Gandhi in general and Gandhism in particular and partly because of our much valued ignorance of the literary works that had been put into this (im)possible bridge building exercise. During the nineteenth century the Bengali Bhadralok experienced a cultural renaissance that made them prominent among the professional classes and elite circles. But in 1930s situation changed and cleavages developed within the elites. Because of British policy of 'divide and rule', sudden rise of muslims in Bengal's politics and Gandhi's presence in national politics, the Bengali bhadralok felt marginalised and adopted Marxism as the possible panacea. Since Bengalis had had a long acquaintance with 'gupta samiti's and armed rebellions, the ideology of Marxism made an instant appeal to them.

This paper, however, tries to delineate the chronicles of a makeover which actually opened up the possibilities for a dialogue between two apparently impossible to bridge ideologies, namely Marxism-Leninism and Gandhism. It is through the writings of Pannalal Dasgupta, Gandhism and Marxism came closer and the question on possibilities of constructing a 'common' praxis had been dealt with.

অভিজিৎঃ গান্ধীর আলোকে

দেবশ্রী দে ঘোড়াই
অতিথি অধ্যাপিকা, বাংলা বিভাগ
সবং সজনীকান্ত মহাবিদ্যালয়

গান্ধীজি অন্তরের শক্তিতেই বিশ্বাস করতেন। তাঁর দর্শনে আত্মশক্তির জাগরণ এবং তার যোগ্য মর্যাদা বিশেষ গুরুত্ব পেয়েছে। সে স্বায়ত্ত শাসনে হোক কিংবা ব্যক্তিক বিকাশে হোক। তাতে হিংসায় উন্মত্ত মানুষের মধ্য থেকেও এক সময় সুস্থ মানবিক সুরটি বনিত হবে। রবীন্দ্রনাথ চিরকালই মানুষের উপর বিশ্বাস রেখেছেন। তাঁর কবিতা, গল্প, গানে সেকথা বারে বারে বনিত হয়েছে। 'মুক্তধারা' নাটকে অভিজিৎ চরিত্রের মধ্যে রবীন্দ্রনাথ গান্ধীর দর্শনকে সুচারুভাবে প্রয়োগ করার চেষ্টা পেয়েছেন।

অভিজিৎ হল এই নাটকের মারনেওয়ালা মানুষের ভিতরকার জাগ্রত আত্মা। সমগ্র নাটকে উত্তর কূটের মানুষের হিংসা বৃত্তির মধ্য থেকে অভিজিৎ নামক সুস্থ মনের সুরটি পীড়িত শিবতরাইয়ের মাঠে নেমে এসেছে। ধনঞ্জয় বৈরাগী যেমন মারখানেওয়ালা মানুষের সুর, তেমনি শাসকেরও কোমল সুরটি অভিজিতের মধ্য দিয়ে একই সীমানায় মিলে মিশে একাকার হয়ে গেছে। এখানে রবীন্দ্রনাথ গান্ধীজির সেই বার্তাই নিয়ে এসেছেন, যেখানে শাসকের অন্তর আত্মা জাগ্রত হওয়া আবশ্যিক।

গান্ধীজির ধর্মবোধ তথা জীবনবোধ - একটি আলেখ্য

ড. অদিতি বেরা
অধ্যাপিকা
ঝাড়গ্রাম রাজ কলেজ

মহাত্মা গান্ধী আধ্যাত্মিক চেতনায় প্রগাঢ় বিশ্বাসী ছিলেন। এই অধ্যাত্মবোধ তাকে জগৎমুখী ও মানবমুখী করে তুলেছে। তাঁর ধর্মবোধ জাগ্রত হয়ে উঠেছিল গভীর জীবনবোধের ভিতর দিয়ে। মধ্য বয়স থেকে তাঁর জীবনের প্রধান অবলম্বন ছিল গীতা। গান্ধীজির মা ছিলেন অতি নিষ্ঠাবান রমণী। গান্ধীজি তার মায়ের কাছ থেকে বাল্যকাল থেকেই ঈশ্বরের প্রতি ভক্তি-প্রেমের শিক্ষাগ্রহণ করেন। গভীর মানবতা বোধের ভিতর দিয়েই এবং সহজাত নিষ্ঠার ভিতর দিয়েই গান্ধীজি ভগবানকে জীবনে প্রতিষ্ঠিত করে নিয়েছিলেন সত্যস্বরূপ ও প্রেম স্বরূপ করে।

কর্মযোগী গান্ধীজি তাঁর সকল কর্মের ভিতর দিয়ে মানুষের ভিতরকার অধ্যাত্ম সত্যকে জাগিয়ে তোলার চেষ্টা করেছেন। সর্বপ্রকার কর্মের মধ্য দিয়েই যে মানুষকে এই বোধের উদ্বুদ্ধ করে তোলা সম্ভব তা সমগ্র জীবন ধরে দেখানোর চেষ্টা করেছেন। তাঁর ধর্ম জীবনের মূল কথা ছিল নিঃস্বার্থ সেবার ভিতর দিয়ে মহামানবের সঙ্গে যুক্ত হওয়া। মানুষের সেবার মধ্য দিয়ে ভগবৎ সেবা, মহামানবের বিকাশের ভিতর দিয়ে মহাদেবতাকেই জাগ্রত ও তৃপ্ত করে তোলা। তাই তাঁর জীবনে তিনি সত্য স্বরূপ, প্রেম স্বরূপ, মঙ্গল স্বরূপ ঈশ্বরের দর্শন লাভে ধন্য হয়েছিলেন। ভারতের অনেক মহাপুরুষ, সাধক সাধিকা, সন্ত তাঁর জীবনে গভীর প্রভাব বিস্তার করে। প্রেম স্বরূপ ভগবানে অধ্যাত্মচৈতন্যকে প্রতিষ্ঠিত রেখে নিঃশেষে আত্মত্যাগের ভিতর দিয়ে কর্মযোগে মহামানবের সেবাকে মুখ্য করে দেখেছেন তিনি তাঁর সমগ্র জীবন ধরে। তিনি যথার্থই মহাত্মা।

গ্রামোন্নয়ন ঃ গান্ধী ও রবীন্দ্রনাথ

ড. নির্মল বেরা
সহকারী অধ্যাপক, বাংলা বিভাগ
সবং সজনীকান্ত মহাবিদ্যালয়

নবজাগ্রত ভারতের দুই মূর্তিমান পুরুষ ভারতাত্মা রবীন্দ্রনাথ ও জাতীর জনক মহাত্মা গান্ধীর গ্রামীণ ভারত ভাবনা আধুনিক ভারত গঠনে পাথের হয়ে আছে। রবীন্দ্রনাথ প্রথমে শিলাইদহ ও পরে শ্রীনিকেতনে পল্লী উন্নয়ন চিন্তনের মাধ্যমে যে প্রায়োগিক ক্ষেত্র নির্মাণ করেছেন, তার সঙ্গে গান্ধীজির ওয়ার্ধায় পল্লী উন্নয়ন জনিত সাধনার দিকটির তুলনাত্মক দিকটি দেখানো যেতে পারে। রবীন্দ্রনাথ শিলাইদহতেই বৈজ্ঞানিক পদ্ধতিতে চাষবাস, সমবায় গঠন, সান্ধ্য বিদ্যালয় স্থাপন, জাত-পাত দূরীকরণ, ব্যঙ্কিং ব্যবহার প্রচলন, স্বাস্থ্য সচেতনতা প্রভৃতি বিষয়ে সময়োপযোগী যে উদ্যোগ গ্রহণ করেছিলেন উনিশ শতকের শেষভাগে, তা তৎকালীন বাংলার সামাজিক প্রেক্ষিতে গ্রামোন্নয়নের বিপ্লব বলা যেতে পারে। উল্লিখিত কোন কোন ক্ষেত্রে রবীন্দ্রনাথকে পথিকৃৎ ও বলা যেতে পারে।

কিছু পরে হলেও গান্ধীজি সর্বভারতীয় প্রেক্ষিতে রাষ্ট্রনৈতিক আন্দোলনের সুবাদে সারা ভারতের সামাজিক দিকটি দেখেছিলেন গ্রাম্য-ভারতের চোখ দিয়ে। ফলে স্বায়ত্ব শাসন নির্ভর গ্রাম তৈরিতে তিনি গ্রাম স্বরাজের ওপর জোর দিলেন। গ্রামীণ বিচার ব্যবস্থা, গ্রামীণ স্বনির্ভরতা, ব্যক্তিক জীবনে নঈতালিম, সর্বোপরি অহিংস সহাবস্থানের মধ্য দিয়ে আধুনিক বিভেদহীন গ্রাম দেখতে চেয়েছেন মহাত্মাজী। এখানে দু-জনের মধ্যেই মূলগত সাদৃশ্যটি হল স্বনির্ভরতার মাধ্যমে ব্যক্তিক বিকাশ সাধন সুচারুভাবে রক্ষা করা। এসবের ভিতর থেকে গ্রাম-ভারতের বিকাশটি সহজতর হবে। রবীন্দ্রনাথের পল্লী উন্নয়ন ও গান্ধীজির গ্রাম স্বরাজ আসলে উদ্দেশ্যগতভাবে একই। উভয়েই এর মাধ্যমে আধুনিক ভারতের স্বপ্ন দেখেছেন।

গান্ধীজি ও তাঁর অহিংস আদর্শ

ড. সচ্চিদানন্দ দাস

ভারত তথা সমগ্র পৃথিবীর ইতিহাসে রাষ্ট্রচিন্তার তথা জীবন সাধনার একজন অভিনব পথ প্রদর্শক হলেন মহাত্মা গান্ধী। অহিংস দর্শনকে ঘিরে আবর্তিত হয়েছে তাঁর চিন্তা-চেতনার জগৎ। সংস্কৃত 'অহিংস' শব্দটি বহু পুরাতন হলেও গান্ধীজি প্রয়োগ কৌশলে তার নব জন্ম ঘটিয়েছেন। শব্দটিকে তিনি 'No Injuri' বা 'Non Killing' অর্থে গ্রহণ করেননি, করেছেন 'Non Violence' অর্থে। অহিংসাকে তিনি সব ধর্মের প্রাণ হিসাবে বিবেচনা করেছেন – ''Non Vilonce on Ahinsa is the heart of all religions.'' সত্য এবং অহিংসা তাঁর কাছে একটি গোলাকার চাকতির দু'দিক। একদিককে অপর দিক থেকে আলাদা করা যায় না। সত্য অবিনশ্বর, অক্ষয়। যার উপর দাঁড়িয়ে আছে অহিংসা। অশুভ শক্তির সঙ্গে লড়াইয়ের ময়দানে এই নীতির ব্যবহার গান্ধীজি একেবারে নিজস্ব উদ্ভাবন। ভারতের স্বাধীনতা সংগ্রামে তিনি অহিংসাকে উৎকৃষ্ট শক্তি হিসাবে দেখেছেন।

গান্ধীজি অহিংসার সঙ্গে সত্যকে, সত্যের সঙ্গে প্রেমকে এবং প্রেমের সঙ্গে ঈশ্বরকে একাত্ম করে দেখেছেন। বলেছেন 'Truth is god' কৈশোরে নাস্তিক্যের প্রান্ত ছুঁয়ে পরবর্তীকালে তাঁর মধ্যে যে আধ্যাত্মিক আকুলতা দেখা যায় তা কিন্তু যোগীর আকুলতা নয়। তবে ঈশ্বরে তিনি বিশ্বাসী ছিলেন। আত্মজীবনীতে লিখেছেন-

''তাঁকে আমি দেখিনি, তাঁকে আমি জানি না; তাঁর প্রতি বিশ্বের যে বিশ্বাস,
সেই বিশ্বাসকে আমি আপন করে নিয়েছি।''

ঈশ্বরকে তিনি ব্যক্তিরূপে ভাবেননি। গান্ধীর কাছে ঈশ্বর হল ঈশ্বরের নিয়মের অন্বেষণ। ঈশ্বরের নিয়ম মানেই প্রেমের নিয়ম। প্রেম ও সত্যের মাঝে কোন বিভাজন নেই। সত্যের সঙ্গে যুক্ত হয়েই প্রেম লাভ করে পরম মহত্ত্ব। সত্য থেকে যে প্রেম বিচ্ছিন্ন তাতে বিশুদ্ধতা নেই, প্রেমের মূল কথা বিদ্বেষহীনতা। বিদ্বেষহীনতাই গান্ধীজির ভাবনায় অহিংসা। যা বিশুদ্ধ প্রেম তা-ই 'সত্য, তাই ঈশ্বর। ঈশ্বরের নিয়মকে তিনি জানতে চেয়েছেন অনুশীলনের মাধ্যমে। অহিংসা, প্রেম-কে তিনি কখনো দার্শনিক সমস্যার সমাধানে ব্যবহার করেননি, ব্যবহার করেছেন কর্মে। গান্ধী জোর দিয়েছেন কর্মের উপর। তিনি জ্ঞানবাদী নন কর্মযোগী। নিজে মুক্তি চাননি, মানুষকে মুক্ত করতে চেয়েছেন। মানুষের আত্মার শক্তিকে জাগ্রত করতে চেয়েছেন। অন্তরের শক্তি ও সংকল্পকে নিয়োগ করেছেন গঠনমূলক কাজে ও অন্যায়ের বিরুদ্ধে প্রতিবাদে।

গান্ধীজির সত্যাগ্রহ সত্যকে আশ্রয় করে অন্যায়ের সঙ্গে অসহযোগ। অহিংস হল অন্যায়কারীর প্রতিও হিংসা না করা। তিনি ক্রোধকে অক্রোধের দ্বারা করতে বলেছেন। হিংসাকে হিংসা দিয়ে জয়ের চেষ্টায় তিনি সম্পূর্ণ বিরোধী। তাঁর আদর্শের বাস্তবায়ন ভারতের স্বাধীনতা সংগ্রাম। তাঁর জীবনই তাঁর বাণী। অন্নদাশঙ্কর বিশ্বকবি সম্পর্কে বলেছেন 'জীবনশিল্পী রবীন্দ্রনাথ' আর গান্ধীজি তাঁর জীবনীমূলক রচনার নাম রেখেছেন —The Story of My Experiments with Truth.' আনবিক বোমা যখন বংসের মুখে ইতিহাসের ভয়ঙ্কর রঙ্গমঞ্চে উপস্থিত তখন গান্ধীজি মানুষের সামনে তুলে ধরেছেন অহিংসার মৃত্যুঞ্জয়ী আশার বাণী। মানুষের বিশ্বাস ভয়াবহ সংকটকালে তিনি ঈশ্বর প্রেরিত মানব সভ্যতা রক্ষার দূত।

গান্ধী স্মরণে রবীন্দ্র-কবিতা

ড. রাজেশ কুমার দত্ত

সবং সজনীকান্ত মহাবিদ্যালয়

মহাত্মা গান্ধী কেবল একটা নাম নয়, একটা যুগ। পরাধীন ভারতের রাজনৈতিক ইতিহাসে তাঁর অবদান চিরস্মরণীয়। তাঁর নীতি, আদর্শ ও দর্শন সকল স্তরের মানুষকেই প্রভাবিত করেছিল। বহু কবি-সাহিত্যিক সেই ভাবধারায় হয়েছিলেন আপ্লুত। রবীন্দ্রনাথ তাঁদের একজন অন্যতম। রবীন্দ্র-সাহিত্যের সমস্ত শাখাতেই গান্ধী প্রভাব গভীর। কবি 'মহাত্মা গান্ধী' প্রবন্ধে বলেছেন—

> ''মহাত্মা যদি বীরপুরুষ হতেন কিংবা লড়াই করতেন তবে আমরা এমনি করে আজ ওঁকে স্মরণ করতুম না। ... কিন্তু এই-যে একটা অনুশাসন, মরব তবু মারব না, এবং এই করেই জয়ী হব— এ একটা মস্ত বড়ো কথা, একটা বাণী। ...অধর্ম-যুদ্ধে মরাটা মরা। ধর্মযুদ্ধে মরার পরেও অবশিষ্ট থাকে; হার পেরিয়ে থাকে জিত, মৃত্যু পেরিয়ে অমৃত। যিনি এই কথাটা নিজের জীবনে উপলব্ধি করে স্বীকার করেছেন, তাঁর কথা শুনতে আমরা বাধ্য।''

এই জীবনাদর্শে অনুপ্রাণিত কবি তাঁর কবিতায় স্মরণ করেছেন গান্ধীজিকে। 'পরিশেষ' কাব্যের 'অগ্রদূত', 'শান্ত' ও 'প্রণাম' কবিতা ত্রয় তার উল্লেখযোগ্য দৃষ্টান্ত। 'অগ্রদূত' কবিতার প্রথমেই গান্ধীজির উদ্দেশে কবি জানিয়েছেন—

> ''হে পথিক, তুমি একা।
> আপনার মনে জানি না কেমনে
> অদেখার পেলে দেখা।''

ঔপনিষদিক মতে আত্মাই ব্রহ্ম। মানুষ তাঁর সাক্ষাৎ সহজে পায় না। প্রকৃত আত্মোপলব্ধির মাধ্যমে মানুষ ব্যক্তিগত কামনা-বাসনা মুক্ত হয়ে যখন পরার্থে আত্মত্যাগের সংকল্প করে, তখনই সেই অদেখার সন্ধান পায়। গান্ধীজি নিজের জীবনকে দেশের জন্য উৎসর্গ করেছিলেন বলেই পেয়েছিলেন আত্ম ব্রহ্মের সাক্ষাৎ। সেই সাক্ষাৎ, উপলব্ধি মানুষকে মৃত্যুঞ্জয়ী করে তোলে। সে কারণেই 'নবজীবনের সংকটপথে' অগ্রগামী পথিক গান্ধীজি মানুষকে শুনাতে পেরেছেন '''মহাবাণী'— 'আছে আছে''' (অগ্রদূত)। গান্ধীজির ধীর, স্থির, শান্ত মহিমার কথা তুলে ধরা হয়েছে 'শান্ত' কবিতায়। 'প্রণাম' কবিতাতেও রয়েছে গান্ধীজির প্রতি শ্রদ্ধাজ্ঞাপন। গান্ধীজির 'শুভ্র আলোকে' মানুষ হয়ে ওঠে শুচি-শুভ্র।

মহাত্মা গান্ধী ও বাঙালী ঃ অভিনব পারস্পরিক

ড . অনন্যা ঘোষ
অ্যাসোসিয়েট প্রফেসর, বাংলা বিভাগ
সবং সজনীকান্ত মহাবিদ্যালয়

মহাত্মা গান্ধীর সঙ্গে বাংলা ও বাঙালীর পারস্পরিক সম্পর্কটি যথেষ্ট অভিনব। এই সম্পর্কের মূল্যায়ণ আমরা সুস্পষ্টভাবে কয়েকটি পর্যায়ে করতে পারি।পর্যায়গুলি মোটামুটিভাবে, উভয় পক্ষের মানস প্রকৃতিকে বহুলাংশে তুলে ধরবে।

বাংলা ও বাঙালী সম্পর্কে মহাত্মাজীর ভাবনাক্রমের একটি আকরগ্রন্থ অবশ্যই তাঁর আত্মজীবনীটি। প্রসঙ্গত উল্লেখ্য যে তাঁর আত্মজীবনীর বাংলা অনুবাদ, – 'সত্যের প্রয়োগ অথবা আত্মকথা' নবজীবন ট্রাস্ট থেকে মহাত্মাগান্ধীর শতবর্ষে প্রকাশিত হয়। এই আত্মজীবনীতেই আমরা জানতে পারি মহাত্মা গান্ধী প্রথম যখন কলকাতায় এসেছিলেন তখন তিনি 'মহাত্মা' হয়ে উঠেননি। তাঁর সেবারের কলকাতা যাত্রায় তিনি স্বামী বিবেকানন্দের সঙ্গে দেখা করতে চেয়েছিলেন, কিন্তু স্বামীজীর অসুস্থতার জন্য তা সম্ভব হয়নি। তার এই আত্মকথায় আমরা জানতে পারি, তিনি আচার্য প্রফুল্লচন্দ্রের সাধাসিধে জীবনযাপনের প্রতি কতটা আকৃষ্ট ছিলেন।

মহাত্মাগান্ধীর আত্মজীবনীতে বেশ কয়েকবার এসেছে রবীন্দ্রনাথের প্রসঙ্গ, এসেছে তাঁর শান্তিনিকেতন ভ্রমণের কথা। বাংলায় স্বদেশীযুগে যখন বিদেশী দ্রব্য বর্জনের জোয়ার এসেছিল তখন গুয়াহাটি ব্যবসায়ীদের একাংশ সুযোগ বুঝে দেশী পণ্যের দাম বাড়িয়ে দিয়েছিল। এই ঘটনায় গান্ধীজির সমস্ত সমমর্মিতা ব্যক্ত হয়েছে, আবেগপ্রবণ বাঙালীর প্রতি। আবার বাঙালী সমাজের শিক্ষা-সংস্কৃতির প্রতি অনুরক্ত হয়েও তিনি ব্যয়িত হয়েছেন কালীঘাটের মন্দিরে পশুগুলির রক্তাক্ত বিভৎসতা দেখে।

গান্ধীজির জীবনে বিশেষ কয়েকটি রবীন্দ্রসঙ্গীতের অসামান্য ভূমিকা ছিল। 'যদি তোর ডাক শুনে কেউ না আসে', 'জীবন যখন শুকায়ে যায় কয়না ধারায় এস' এই গানগুলির কথা এ প্রসঙ্গে বলা যেতে পারে। শেষোক্ত গানটি স্বয়ং কবির কণ্ঠে তিনি একাধিকবার শুনতে চেয়েছেন।

দেশ যখন স্বাধীনতা পেল, তখন রাজধানীতে উৎসবের জোয়ার, নেহেরুজীর মধ্যরাতের বিখ্যাত বক্তৃতায় নিয়তির সঙ্গে অভিসারের কথা যখন উচ্চারিত হচ্ছে। তখন 'নগ্ন ফকির' মহাত্মাগান্ধী দাঙ্গা বি বস্ত বাংলায় শান্তি ফিরানোর কাজে ব্যস্ত। কলকাতায় তিনি দাঁড়িয়েছেন আক্রান্ত মুসলমানের পাশে, আবার নোয়াশুলিতে তার অবস্থান আক্রান্ত হিন্দুদের পাশে। কারণ, তিনি তো মানবতার শেষ প্রহরী।

বাঙালীর চোখে মহাত্মা গান্ধীর মূল্যায়ণের দিকটিকেও এক্ষেত্রে উল্লেখ করা যেতে পারে। রবীন্দ্রনাথের সঙ্গে বহুবিষয়ে মত পার্থক্য থাকলেও মহাত্মা গান্ধীর প্রতি রবীন্দ্রনাথের শ্রদ্ধা ছিল অটুট।

রবীন্দ্রনাথের ধনঞ্জয় বৈরাগী বহুলাংশে মহাত্মাগান্ধীর আদর্শে গড়া। আবার একথাও ভুলবার নয় যে, মহাত্মা গান্ধীকে 'জাতির জনক' হিসেবে চিহ্নিত করেছিলেন এক বাঙালী, সুভাষচন্দ্র বসু। বাংলায় আমরা পেয়েছি তারাশঙ্কর ও সতীনাথ ভাদুড়ীর মনে গান্ধীবাদী সাহিত্যিক, অমলেশ ত্রিপাঠীর মত ঐতিহাসিক কিংবা অম্লান দত্তের মত অর্থনীতিবিদ্।

বিগত কয়েক দশকে বাঙালীদের মধ্যে গান্ধীচর্চায় যে ভাটা পড়েছে তা-ই নয়, বহুক্ষেত্রে গান্ধীজির অবমূল্যায়ণের একটা প্রবণতা দেখা যাচ্ছে। বলা বাহুল্য, এক প্রগাঢ় অশিক্ষার ফল এই প্রবণতা। একমাত্র বিশুদ্ধ জ্ঞান ও শিক্ষা দিয়েই এই প্রবণতাকে প্রতিরোধ করা সম্ভব। যে মানুষটি ভারতবর্ষের রাজনীতিকে প্রথম যথার্থে গণমুখী করেছিলেন, যে মানুষ আমাদের পরম যত্নে শিখিয়েছিলেন স্বচ্ছতার পাঠ, যে মানুষের কল্পনাই ফলপ্রসূ হয়েছে ভারতবর্ষে ভাষা ভিত্তিক রাজ্যগঠনের মধ্য দিয়ে, যিনি আধুনিক বিশ্বকে দিয়েছেন অহিংসা ও সত্যাগ্রহের বাণী; আজকের বাঙালী সমাজ যদি তাঁর থেকে মুখ ফিরিয়ে নেয় তাহলে তা হবে ইতিহাসের তুলনা রহিত ট্র্যাজেডি।

Mohandas Karamchand Gandhi and his vision for women empowerment

Dr. Biswanath Sarkar,
Assistant Professor,
Department of Political Science,
Sree Chaitanya College, Habra

Today the empowerment of women has become one of the most important concerns of 21st century. But practically women empowerment is still an illusion of reality in India. Women's empowerment is the process in which women elaborate and recreate what it is that they can be, do, and accomplish in a circumstance that they previously were denied. Empowerment can be defined in many ways, however, when talking about women's empowerment, empowerment means accepting and allowing people (women) who are on the outside of the decision-making process into it. This puts a strong emphasis on participation in political structures and formal decision-making and, in the economic sphere, on the ability to obtain an income that enables participation in economic decision-making. Empowerment is the process that creates power in individuals over their own lives, society, and in their communities.

The position of women in India has diverse in different periods and in different classes, religions, and ethnic groups. The pre and post-independence era has witnessed the exploitation of women in outside and inside their home. In this paper we will try to discuss on Gandhiji's thought on women uplift, against child marriage, social and religious barriers to widow remarriage, purdha system, dowry system, heavy expenditure in connection to marriage, etc. in the context of West Bengal.

…….

গান্ধী স্মরণে রবীন্দ্র-কবিতা

ড. রাজেশ কুমার দত্ত

সবং সজনীকান্ত মহাবিদ্যালয়

মহাত্মা গান্ধী কেবল একটা নাম নয়, একটা যুগ। পরাধীন ভারতের রাজনৈতিক ইতিহাসে তাঁর অবদান চিরস্মরণীয়। তাঁর নীতি, আদর্শ ও দর্শন সকল স্তরের মানুষকেই প্রভাবিত করেছিল। বহু কবি-সাহিত্যিক সেই ভাবধারায় হয়েছিলেন আপ্লুত। রবীন্দ্রনাথ তাঁদের একজন অন্যতম। রবীন্দ্র-সাহিত্যের সমস্ত শাখাতেই গান্ধী প্রভাব গভীর। কবি 'মহাত্মা গান্ধী' প্রবন্ধে বলেছেন—

> ''মহাত্মা যদি বীরপুরুষ হতেন কিংবা লড়াই করতেন তবে আমরা এমনি করে আজ ওঁকে স্মরণ করতুম না। ... কিন্তু এই-যে একটা অনুশাসন, মরব তবু মারব না, এবং এই করেই জয়ী হব— এ একটা মস্ত বড়ো কথা, একটা বাণী। ...অধর্ম-যুদ্ধে মরাটা মরা। ধর্মযুদ্ধে মরার পরেও অবশিষ্ট থাকে; হার পেরিয়ে থাকে জিত, মৃত্যু পেরিয়ে অমৃত। যিনি এই কথাটা নিজের জীবনে উপলব্ধি করে স্বীকার করেছেন, তাঁর কথা শুনতে আমরা বাধ্য।''

এই জীবনাদর্শে অনুপ্রাণিত কবি তাঁর কবিতায় স্মরণ করেছেন গান্ধীজিকে। 'পরিশেষ' কাব্যের 'অগ্রদূত', 'শান্ত' ও 'প্রণাম' কবিতা ত্রয় তার উল্লেখযোগ্য দৃষ্টান্ত। 'অগ্রদূত' কবিতার প্রথমেই গান্ধীজির উদ্দেশে কবি জানিয়েছেন—

> ''হে পথিক, তুমি একা।
> আপনার মনে জানি না কেমনে
> অদেখার পেলে দেখা।''

ঔপনিষদিক মতে আত্মাই ব্রহ্ম। মানুষ তাঁর সাক্ষাৎ সহজে পায় না। প্রকৃত আত্মোপলব্ধির মাধ্যমে মানুষ ব্যক্তিগত কামনা-বাসনা মুক্ত হয়ে যখন পরার্থে আত্মত্যাগের সংকল্প করে, তখনই সেই অদেখার সন্ধান পায়। গান্ধীজি নিজের জীবনকে দেশের জন্য উৎসর্গ করেছিলেন বলেই পেয়েছিলেন আত্ম ব্রহ্মের সাক্ষাৎ। সেই সাক্ষাৎ, উপলব্ধি মানুষকে মৃত্যুঞ্জয়ী করে তোলে। সে কারণেই 'নবজীবনের সংকটপথে' অগ্রগামী পথিক গান্ধীজি মানুষকে শুনাতে পেরেছেন '''মহাবাণী'— 'আছে আছে''' (অগ্রদূত)। গান্ধীজির ধীর, স্থির, শান্ত মহিমার কথা তুলে ধরা হয়েছে 'শান্ত' কবিতায়। 'প্রণাম' কবিতাতেও রয়েছে গান্ধীজির প্রতি শ্রদ্ধাজ্ঞাপন। গান্ধীজির 'শুভ্র আলোকে' মানুষ হয়ে ওঠে শুচি-শুভ্র।